যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৭৫

১/ বিবিধ

আরবী

ألا إن أربعين دارا جوار، ولا يدخل الجنة من خاف جاره بوائقه "، قيل للزهري: أربعين دارا؟ قال: أربعين هكذا، وأربعين هكذا

ضعيف

أخرجه الطبراني في " الكبير " (19 / 73 / رقم 143) عن يوسف بن السفر عن الأوزاعي عن يونس بن يزيد عن الزهري عن عبد الرحمن بن كعب بن مالك عن أبيه قال: أتى النبي صلى الله عليه وسلم رجل فقال: يا رسول الله إني نزلت محلة بني فلان، وإن أشدهم لي أذى أقربهم لي جوارا، فبعث النبي صلى الله عليه وسلم أبا بكر وعمر وعليا أن يأتوا باب المسجد فيقوموا عليه فيصيحوا: (ألا ...)

ويوسف بن السفر أبو الفيض فيه مقال، كذا قال الزيلعي (4 / 413 ـ 414) وقد ألان القول جدا في ابن السفر هذا، فإن مثل هذا القول: فيه مقال إنما يقال فيمن هو مختلف في توثيقه وتجريحه، وابن السفر هذا متفق على تركه بل كذبه الدارقطني وقال البيهقي: هو في عداد من يضع الحديث، وقد مضى بعض أحاديثه الموضوعة (برقم 187) ولهذا قال الهيثمي بعد أن ساق له هذا الحديث في " المجمع " (8 / 169) : وفيه يوسف بن السفر وهو متروك.

قلت: وقد خالفه هقل بن زياد فقال: حدثنا الأوزاعي عن يونس عن ابن شهاب الزهري قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره مرسلا، أخرجه أبو داود في " المراسيل " (رقم 350) حدثنا إبراهيم بن مروان الدمشقي حدثني أبي حدثنا هقل بن

زياد به، ويأتي لفظه بعد حديث.
وهذا سند رجاله ثقات ولولا إرساله لحكمت عليه بالصحة، وعلى من يقول بصحة المرسل أن يأخذ به كالحنفية ولهذا أقول: إن قول صاحب " الهداية "، وما قاله الشافعي إن الجوار إلى أربعين دار بعيد، وما يرويه فيه ضعف لا يتفق مع قول الحنفية: إن الحديث المرسل حجة، فتأمل والحديث قال الحافظ العراقي في " تخريج الإحياء " (2 / 189) بعد أن ساقه من الوجهين المرسل والموصول: إنه حديث ضعيف، وكذا قال الحافظ في " الفتح " (10 / 397) .
قلت: وأما قوله: " ولا يدخل الجنة ... "، فصحيح لأنه جاء من حديث أبي هريرة مرفوعا بلفظ: " لا يدخل الجنة من لا يأمن جاره بوائقه " أخرجه مسلم (1 / 49) والبخاري في " الأدب المفرد " (ص 20) ، وهو مخرج في " السلسلة الأخرى " (رقم 549)

বাংলা

২৭৫। সাবধান! অবশ্যই চল্লিশ ঘর পর্যন্ত প্রতিবেশী। সেই ব্যাক্তি জান্নাতে প্রবেশ করবে না যার প্রতিবেশী তার অনিষ্ঠতাকে ভয় করে। চল্লিশ ঘর বলতে কী বুঝানো হচ্ছে এ মর্মে যুহরীকে জিজ্ঞাসা করা হয়েছিল? তিনি বললেনঃ চল্লিশ এ দিকে আর চল্লিশ ঐ দিকে।

হাদীসটি দুর্বল।

এটি তাবরানী “মুজামুল কাবীর” গ্রন্থে (১৯/৭৩/নং ১৪৩) ইউসুফ ইবনু সাফার হতে এবং তিনি আওযাঈ হতে ... বর্ণনা করেছেন। বর্ণনাকারী ইউসুফ ইবনু সাফার আবুল ফায়েয সম্পর্কে সমালোচনা রয়েছে। অনুরূপ কথা যায়লাঈও (৪/৪১৩-৪১৪) বলেছেন। তাদের পক্ষ হতে এ ইবনু সাফার সম্পর্কে নিতান্তই নরম কথা বলা হয়েছে। কারণ এরূপ কথা বলা হয় যার ব্যাপারে ভাল না মন্দ এ নিয়ে দ্বন্দ্ব রয়েছে তার ক্ষেত্রে। অথচ এ ইবনু সাফার মাতরূক হওয়ার ব্যাপারে সবাই একমত, বরং তাকে দারাকুতনী মিথ্যুক আখ্যা দিয়েছেন এবং বাইহাকী তার সম্পর্কে বলেছেনঃ তিনি হাদীস জালকারীদের অন্তর্ভুক্ত। তার জাল হাদীস পূর্বে আলোচিত হয়েছে (১৮৭ নং)।

এ জন্য হায়সামী “আল-মাজমা" গ্রন্থে (৮/১৬৯) বলেছেনঃ ইউসুফ ইবনুস সাফার মাতরক।

আমি (আলবানী) বলছি হাকাল ইবনু যিয়াদ আওযাই হতে মুরসাল হিসাবে হাদীসটি বর্ণনা করেছেন। সেটি আবু দাউদ তার "আল-মারাসীল" গ্রন্থে (নং ৩৫০) বর্ণনা করেছেন।

এটির সনদের বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। যদি মুরসাল না হত তাহলে সহীহ বলে হুকুম লাগাতাম। হাফিয় ইরাকী "তাখরীজুল ইহইয়া" গ্রন্থে (২/১৮৯) বলেছেনঃ হাদীসটি দুর্বল। অনুরূপ কথা হাফিয ইবনু হাজার "ফাতহুল বারী" গ্রন্থেও (১০/৩৯৭) বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির অংশ বিশেষ ولا يدخل الجنة من خاف সহীহ। কারণ আবু হুরাইরাহ্ (রাঃ)-এর হাদীসের মধ্যে এসেছে এ ভাষায়ঃ

لا يدخل الجنة من لا يأمن جاره بوائقه

এটি মুসলিম (১/৪৯) এবং বুখারী "আদাবুল মুফরাদ" গ্রন্থে (পৃঃ ২০) বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5535

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন